মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার বিভিন্ন পদে পদায়ন সংক্রান্ত।

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার বিভিন্ন পদে পদায়ন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-মপবি-৪/১/২০০৭-বিধি/১৩৯ তারিখ: ১৪১৫/২৪ সেপ্টেম্বর, ২০০৮ দ্বারা নিম্নরূপ নির্দেশনা জারি করা হয়-

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৫৫(৬) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকারি কার্যাবলী বন্টন ও পরিচালনার জন্য Rules of Business, 1996 প্রণীত হয়েছে এবং সরকারি কার্য পরিচালনায় তা পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণ করা প্রজাতন্ত্রের সকল কর্মচারীর জন্য বাধ্যতামূলক। উক্ত বিধি-বিধান লঙ্গণ অনাকাঙ্খিত এবং শৃঙ্খলা পরিপন্থী।

২। Rules of Business, 1996 এ মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে পরামর্শ সংক্রান্ত বিস্তারিত উল্লেখ রয়েছে। উক্ত Rules-12 এ সুনির্দিষ্ট কয়েকটি বিষয়সহ নিম্নোক্ত বিষয়সমূহে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে পরামর্শ করার সুষ্পষ্ট নির্দেশনা রয়েছে:

12. Consultation with Ministry of Establishment.-

(iv) initial appointment to all posts of NPS-IX and above in the Ministries/Divisions which are outside the preview of the Bangladesh Public Service Commission.

(vi) Posting of Non-Secretariat officers in the ministries/division or Attached Departments.

৩। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা Rules of Business, 1996 এর Rule-12 অমান্য করে জাতীয় বেতন স্কেল-৯ (NPS-IX) ও তদুর্ধ্বের যে সকল পদ বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের আওতা বর্হিভূক্ত সে সকল পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরামর্শ গ্রহণ না করেই নন-সেক্রেটারিয়েট অফিসারগণকে মন্ত্রণালয়ে/বিভাগ বা সংযুক্ত দপ্তর/সংস্থায় পদায়ন করছে, যা স্পষ্টতই বিধি লঙ্গন তথা শৃঙ্খলা পরিপন্থী।

৪। তদুপরি Rules of Business, 1996 এর Schedule-V এর ক্রমিক ৪ অনুযায়ী উপসচিব হইতে সচিব পর্যন্ত পদমর্যাদার কর্মকর্তাগণের সচিবালয়ে নিয়োগের বিষয় জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করার কথা। কিন্তু লক্ষ করা যাচ্ছে যে, কোন কোন মন্ত্রণালয়/বিভাগ এর ব্যতয় ঘটিয়ে সরাসরি এ সকল পদে পদায়ন/নিয়োগ করছে। এক্ষেত্রেও Rules of Business, 1996 এর লঙ্গণ ঘটছে।

৫। এমতাবস্থায়, সরকারের কার্য-পরিচালনা পদ্ধতি যথাযথ অনুসরণ করে প্রশাসনিক শৃঙ্খলা বজার রাখার লক্ষ্যে বিধি-নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের পরামর্শ গ্রহণপূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণার্থে Rules of Business, 1996 এ বর্ণিত Rule-12 সহ আন্ত:মন্ত্রণালয় পরামর্শ সম্পর্কিত সংশ্লিষ্ট বিধি-বিধানসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য এবং সাংবিধানিক ক্ষমতাবলে প্রণীত Rules of

Business, 1996 এর বিধি বিধানসমূহ ভবিষ্যতে যাতে লঙ্গন করা না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।"